

🗏 আস-সাফফাত | As-Saffat | اُلصاًافًات

আয়াতঃ ৩৭: ৩৬

আরবি মূল আয়াত:

وَ يَقُولُونَ آئِنَّا لَتَارِكُوا اللَّهِتِنَا لِشَاعِرٍ مَّجنُونٍ ﴿ ٢٤٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর বলত, 'আমরা কি এক পাগল কবির জন্য আমাদের উপাস্যদের ছেড়ে দেব?' — আল-বায়ান আর তারা বলত, "আমরা কি এক পাগলা কবির কথা মেনে আমাদের ইলাহগুলোকে ত্যাগ করব? — তাইসিরুল এবং বলতঃ আমরা কি এক পাগল কবির কথায় আমাদের মা'বৃদদেরকে বর্জন করব? — মুজিবুর রহমান And were saying, "Are we to leave our gods for a mad poet?" — Sahih International

৩৬. এবং বলত, আমরা কি এক উন্মাদ কবির কথায় আমাদের ইলাহদেরকে বর্জন করব?

তাফসীরে জাকারিয়া

(৩৬) এবং বলত, আমরা কি এক পাগল কবির কথায় আমাদের উপাস্যদেরকে বর্জন করব? [1]

[1] অর্থাৎ, তারা নবী (সাঃ)-কে কবি এবং জাদুকর বলত এবং তাঁর দাওয়াতকে পাগলের প্রলাপ ও কুরআনকে কাব্যগ্রন্থ বলে মনে করত এবং বলত যে, একজন পাগলের প্রলাপে আমরা নিজেদের উপাস্যদেরকে বর্জন করব কেন? অথচ কুরআন পাগলের প্রলাপ ছিল না; বরং জ্ঞান ও হিকমতে পরিপূর্ণ বাণী ছিল, কাব্য নয়; বরং সত্য বাণী ছিল এবং সেই দাওয়াত গ্রহণ করাতে তাদের ধ্বংস নয়; বরং পরিত্রাণ ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3824

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন